

# Visit of Minister of State for External Affairs, Shri V. Muraleedharan to Nigeria (August 22-23, 2022)

August 25, 2022

পররাষ্ট্র বিষয়ক প্রতিমন্ত্রী শ্রী ভি মুরলীধরনের নাইজেরিয়া সফর (অগাস্ট 22-23, 2022)

অগাস্ট 25, 2022

পররাষ্ট্র এবং সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী শ্রী ভি মুরলীধরন 22-23 অগাস্ট 2022-এ প্রজাতান্ত্রিক যুক্তরাজ্য নাইজেরিয়াতে একটি সরকারি সফর করেছেন। নাইজেরিয়াতে এটি তার দ্বিতীয় সফর, এর আগে তিনি 2019-এর জুন মাসে নাইজেরিয়ার গণতন্ত্র দিবস পালনে যোগদান করার জন্য নাইজেরিয়া সফর করেছিলেন।

2. সফরকালে প্রতিমন্ত্রী, প্রজাতান্ত্রিক যুক্তরাজ্য নাইজেরিয়ার প্রেসিডেন্ট মহম্মদ বুহারির সাথে একটি সৌজন্য সাক্ষাৎ করেছেন। প্রতিমন্ত্রী ভারতীয় সম্প্রদায়ের সাথে আলাপচারিতা করা ছাড়াও নাইজেরিয়ার বিদেশমন্ত্রী জিওফ্রে ওনিয়েরমা এবং প্রতিরক্ষা মন্ত্রী মেজর জেনারেল বাসির মাগাশি(অবসর প্রাপ্ত) -এর সাথে বৈঠক করেছেন। নাইজেরিয়ার বিশিষ্ট ব্যক্তিদের সাথে প্রতিমন্ত্রীর বৈঠকে বাণিজ্য ও বিনিয়োগ, শক্তি, শিক্ষা, স্বাস্থ্য, প্রতিরক্ষা, সংস্কৃতি এবং জনগণের সাথে জনগণের সহযোগিতা নিয়ে আলোচনা হয়েছে। পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বৈশ্বিক সমস্যাগুলি নিয়েও আলোচনা হয়েছে।

3. সফরকালে প্রতিমন্ত্রী বাণিজ্য ও বিনিয়োগ মন্ত্রী শ্রীযুক্ত ওটুম্বা রিচার্ড নিয়ি অ্যাডেবায়ো, শক্তি ইঞ্জিনিয়ারিং মন্ত্রী আবুবাকার ডি আলিয়ু, খনি ও ইস্পাত বিকাশ মন্ত্রী ডঃ ওলামিলেকান অ্যাডেগবাইট, কানো রাজ্যের গভর্নর শ্রীযুক্ত আবদুল্লাহি উমর গাল্ডুজে, নাইজেরিয়ার বিদেশ প্রতিমন্ত্রী রাষ্ট্রদূত জুব্বারিউ দাদা-র সাথে সদ্য চালু হওয়া নাইজেরিয়া-ভারত বিজনেস কাউন্সিল(এনআইবিসি)-র উদ্বোধনী বৈঠকে মুখ্য ভাষণ প্রদান করেন। নাইজেরিয়া সরকারের উচ্চপদস্থ আধিকারিকরা এবং ভারত ও নাইজেরিয়ার এক বিশাল সংখ্যক শিল্প প্রতিনিধিরা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

4. হাই কমিশনার দ্বারা আহূত একটি গোষ্ঠী অভ্যর্থনা অনুষ্ঠানে উপস্থিত থাকা ভারতীয় সম্প্রদায়ের প্রায় 200 জন সদস্যের সাথে প্রতিমন্ত্রী আলাপচারিতাও করেছেন।

5. ভারত ও নাইজেরিয়ার মধ্যে বিদ্যমান বহুমুখী সম্পর্ককে প্রতিমন্ত্রীর নাইজেরিয়া সফর আরও দৃঢ়তা প্রদান করেছে। এনআইবিসি-র উদ্বোধনী বৈঠকে প্রতিমন্ত্রীর যোগদান নাইজেরিয়ার সাথে দ্বিপাক্ষিক অর্থনৈতিক অংশীদারিত্ব নতুন উৎসাহ প্রদান করেছে।

আবুজা

অগস্ট 25, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.